

ঢাকা

সোমবার

২৪ শ্রাবণ ১৪১২

৮ আগস্ট ২০০৫

মূল্য ৮ টাকা



গতকাল ওসমানী মিলনায়তনে শুরু হওয়া দু'দিনব্যাপী চাকরি মেলায় দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকা চাকরিপ্রার্থীরা

- সংবাদ

চাকরি মেলায় হাজারও প্রার্থীর ভিড়

৫: ০৬

নিজস্ব বার্তা পরিবেশক

গতকাল রোববার নগরীর ওসমানী মিলনায়তনে শুরু হয়েছে দু'দিনব্যাপী 'জব ফেয়ার'। দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ঢাকা ও ঢাকার বাইরের কয়েক হাজার চাকরিপ্রার্থী বেকার যুবক-যুবতী তীব্র রোদ ও ভিড় উপেক্ষা করে জব ফেয়ারে উপস্থিত হন। তারা আবেদনপত্র বিতরণ কেন্দ্রের সামনে হুমড়ি খেয়ে পড়েন। জব ফেয়ার আয়োজকরা দাবি করেছেন, তাদের কাছে তাৎক্ষণিকভাবে ৩০০ লোকের কর্মসংস্থানের নিশ্চয়তা রয়েছে।

যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) আয়োজিত দু'দিনের জব ফেয়ার উদ্বোধনী অনুষ্ঠানের প্রথম দিনে এ দৃশ্য দেখা গেছে। জব ফেয়ারের প্রথম দিনে আয়োজকরা সকাল ১০টা থেকে চাকরির আবেদনপত্র বিতরণ শুরু করেন। তবে সকাল ৮টা

থেকেই সেখানে হাজার হাজার বেকার যুবক-যুবতী জড়ো হয়ে লাইনে দাঁড়ান। এ লাইনটি ওসমানী স্মৃতি মিলনায়তনের বাইরের ওসমানী উদ্যান পর্যন্ত ছাড়িয়ে যায়। এ সময় সেখানে তিল ধারণের কোন জায়গা ছিল না। অনেকে ওসমানী উদ্যানে বসে আবেদনপত্র পূরণ করেছেন। এছাড়া আবেদনপত্র জমা দিতে গিয়েও তাদের হিমশিম খেতে হয়েছে। জব ফেয়ারে স্টল খুলেছে ব্যাংক, ফাইন্যান্সিয়াল, সেবা, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসহ ২০টি কোম্পানি।

সকাল ১১টায় এ জব ফেয়ার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক। দি-হাস্কার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদারের সভাপতিত্বে বক্তব্য রাখেন তথ্য মন্ত্রণালয়ের সচিব মাহাবুবুর রহমান, এফবিসিসিআইয়ের প্রেসিডেন্ট আবদুল আউয়াল মিন্টু, রোমানি মোহন চাকমা, যুব কর্মসংস্থান সোসাইটির (যুবক) চেয়ারম্যান আবু মোহাম্মদ সাইদ।

শিক্ষামন্ত্রী ওসমান ফারুক বলেন, দেশের ব্যাপক জনগোষ্ঠীকে জনসম্পদে রূপান্তর করতে না পারলে সামগ্রিক উন্নয়ন কখনও অর্ধবহ হবে না। দেশের প্রতিটি মানুষের হাতকে কর্ম ও উৎপাদনের হাতে রূপান্তর করতে সরকারের অব্যাহত চেষ্টার পাশাপাশি বেসরকারি অংশগ্রহণও জরুরি। বিশ্বায়নের ফলে বিশ্বব্যাপী দক্ষ শ্রমশক্তির ব্যাপক চাহিদা তথা কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। শ্রম বাজারের এ চাহিদা মেটাতে সমন্বিত ও সমন্বয়যোগ্য প্রচেষ্টা প্রয়োজন।

আলোচনা শেষে বিকেল ৩টায় শুরু হয় চাকরিদাতা ও চাকরিপ্রার্থীদের মধ্যে সমন্বয়ের একটি কাউন্সেলিং পর্ব। এছাড়া একজন চাকরিপ্রার্থী কিভাবে আবেদনপত্র তৈরি করবেন, লিখিত ও মৌখিক পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করবেন ইত্যাদি বিষয়ে কাউন্সেলিং দেয়া হয়। আজ সোমবারও মেলা চলবে।